



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৪৭

## দক্ষিণ সুরমায় জেলা তথ্য অফিসের কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত

সিলেট, বুধবার, ২১ কার্তিক (০৬ নভেম্বর):

সিলেটে জেলা তথ্য অফিসের উদ্যোগে শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় দক্ষিণ সুরমায় উপজেলায় কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত হয়েছে। আজ ০৬ নভেম্বর বুধবার উপজেলার হযরত শাহ তৈয়ব (র.) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তাগণ বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিউনিটি ডায়ালগে বক্তব্য প্রদান করেন উপজেলা শিক্ষা অফিসার মহিউদ্দিন আহমদ, সহকারী উপজেলা শিক্ষা অফিসার লুৎফুর রহমান ও হযরত শাহ তৈয়ব (র.) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিপ্লবী পাল।

সভাপতির বক্তব্যে উপপরিচালক মো. সালাহ উদ্দিন বলেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই। নিজের সন্তানদেরকে বখাটেদের হাত থেকে রক্ষা করার কৌশল বলে দিন এবং তাকে সাহস যোগান। তবেই সে শারিরিক নির্যপোতন থেকে রক্ষা পেতে পারে। তাছাড়া বাল্যবিবাহ রোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন অনুষ্ঠানের সভাপতি।

বাল্যবিবাহের অবসান এবং শিশুর প্রতি সকল ধরনের সহিংসতা রোধের লক্ষ্যে আয়োজিত কমিউনিটি ডায়ালগে উপস্থিত অংশগ্রহণকারীবৃন্দ এ বিষয়ে সক্রিয় ভূমিকা পালন করবেন বলে শপথ গ্রহণ করেন।

জেলা তথ্য অফিসের উচ্চমান সহকারী মো. লেবাহ উদ্দিনের সঞ্চালনায় এ আয়োজনে উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

মাসুদ/ডলি/২০২৪/১৬: ৫০ ঘণ্টা



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



## তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

জেলা তথ্য অফিস সিলেট কর্তৃক দক্ষিণ সুরমা উপজেলায় কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত শিশু,কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় জেলা তথ্য অফিস সিলেট কর্তৃক দক্ষিণ সুরমা উপজেলার হযরত শাহ তৈয়ব (র.) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা তথ্য অফিস সিলেট এর উপপরিচালক মো: সালাহ উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা মহিউদ্দিন আহমদ, সহকারী উপজেলা শিক্ষা অফিসার লুৎফুর রহমান ও প্রধান শিক্ষক বিপ্লবী পাল।

সভাপতির বক্তব্যে উপপরিচালক মো: সালাহ উদ্দিন বলেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই। নিজের সন্তানদেরকে বখাটেদের হাত থেকে রক্ষা করার কৌশল বলে দিন এবং তাকে সাহস যোগান। তবেই সে শারিরিক নির্যপোতন থেকে রক্ষা পেতে পারে। তাছাড়া বাল্যবিবাহ রোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন অনুষ্ঠানের সভাপতি।

জেলা তথ্য অফিস সিলেট এর উচ্চমান সহকারী মো: লেবাছ উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে নানা শ্রেণী পেশার প্রতিনিধিগন উপস্থিত ছিলেন।